

জিএম সিরাজ | রংপুর | 16 May, 2025

কুড়িগ্রামের উলিপুরে গরু আনতে গিয়ে আকস্মিক বজ্রপাতে চামেলি রাণী (৪০) নামে এক গৃহবধুর মৃত্যু হয়েছে। শুক্রবার (১৬ মে) বেলা ১১টার দিকে উপজেলার ধরনীবাড়ি ইউনিয়নের মধুপুর ক্লিনিকের পাড় এলাকায় এ ঘটনা ঘটে। বিষয়টি নিশ্চিত করেছেন উলিপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জিল্লুর রহমান।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, শুক্রবার বেলা ১১টার দিকে বৃষ্টি শুরু হয়। বৃষ্টিতে ওই গ্রামের মদন চন্দ্রের স্ত্রী চামেলী রাণী খড়ের গাদা থেকে গরু গোয়াল ঘরে আনতে যান। এ সময় আকস্মিক বজ্রপাতের শিকার হয়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। এতে চামেলী রাণীর একটি বকনা গরুও মারা যায়। তিনি দুই সন্তানের জননী বলে জানা গেছে।

উলিপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জিল্লুর রহমান বলেন, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। এ বিষয়ে আইনি ব্যবস্থা নেওয়া হবে।

বজ্রপাত মৃত্যু